

দিয়েছিলেন- “আমাকে সত্যবাদী মনে করো কিনা? আমি হচ্ছি- প্রকাশ্য সতর্ককারী”। আল্লাহর পরিচয়ের জন্য নবীর ওপর ঈমান আনা পূর্বশর্ত।

ঈমানের প্রাণ ৪ প্রত্যেক বস্তুরই দেহ ও প্রাণ থাকে। তদ্রূপ ঈমানেরও দেহ এবং প্রাণ আছে। সপ্ত ঈমান হচ্ছে দেহ এবং তার প্রাণ হচ্ছে নবীজির মহব্বত। শেফা শরীফ ও অন্যান্য হাদীস গ্রন্থে উল্লেখ আছে-

حُبُّ النَّبِيِّ هُوَ رُوحُ الْإِيمَانِ

অর্থাৎ- “নবীজির মহব্বতই হচ্ছে ঈমানের প্রাণ”। প্রাণহীন দেহ যেমন মৃত- মহব্বত বিহীন ঈমানও তদ্রূপ মৃত। এজন্যই নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহব্বতের উপর বেশী জোর দিয়েছেন এভাবে-

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَالِدِهِ
وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعِينَ وَفِي رِوَايَةٍ مِنْ نَفْسِهِ -

অর্থাৎ- “তোমাদের পিতা-মাতা, সন্তানাদি, সমস্ত লোক- এমনকি তোমাদের নিজেদের চেয়েও আমাকে বেশী মহব্বত না করা পর্যন্ত তোমরা কেউ মোমেন হতে পারবেনা” (বুখারী)।

তাই- আল্লামা ইকবাল বলেছেন-

مغز قرآن روح ایمان جان دین

هست حب رحمة للعالمين -

অর্থাৎ- “কোরআনের সারবস্তু, ঈমানের রূহ এবং দ্বীনের প্রাণ হচ্ছে হোষে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম”।

আল্লাহ আমাদেরকে কালেমার সঠিক তাৎপর্য উপলব্ধি করার তৌফিক দিন। আমীন।